

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
উন্নয়ন শাখা-১  
উন্নয়ন উইং

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪- ১৬১

তারিখঃ -----

১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

**বিষয়ঃ** শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে উপজেলা শুমারি/জরিপ কমিটি গঠন।

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে উপজেলা শুমারি/জরিপ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলোঃ

উপজেলা শুমারি/জরিপ কমিটি


| ক্রমিক | কমিটির বিবরণ   | কমিটিতে পদবী |
|--------|--|--------------|
| ০১     | উপজেলা চেয়ারম্যান   | উপদেষ্টা     |
| ০২     | উপজেলা নির্বাহী অফিসার   | সভাপতি       |
| ০৩     | সহকারী কমিশনার (ভূমি)  | সদস্য        |
| ০৪     | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা                       | সদস্য        |
| ০৫     | উপজেলা কৃষি কর্মকর্তা  | সদস্য        |
| ০৬     | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা                                       | সদস্য        |
| ০৭     | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা                                     | সদস্য        |
| ০৮     | উপজেলা মৎস্য কর্মকর্তা   | সদস্য        |
| ০৯     | উপজেলা শিক্ষা কর্মকর্তা  | সদস্য        |
| ১০     | উপজেলা সমাজসেবা কর্মকর্তা  | সদস্য        |
| ১১     | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা                                     | সদস্য        |
| ১২     | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা                                    | সদস্য        |
| ১৩     | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা                                 | সদস্য        |
| ১৪     | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা                                | সদস্য        |
| ১৫     | উপজেলা কর্মকর্তা, আনসার ও ভিডিপি                                 | সদস্য        |
| ১৬     | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা                              | সদস্য        |
| ১৭     | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল)                                | সদস্য        |
| ১৮     | সভাপতি/সাধারণ সম্পাদক, বণিক/ব্যবসায়ী সমিতি                      | সদস্য        |
| ১৯     | সভাপতি/সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল              | সদস্য        |
| ২০     | সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব (প্রয়োজ্য ক্ষেত্রে)   | সদস্য        |
| ২১     | জোনাল অফিসার/প্রতিনিধি (সকল), বিবিএস                             | সদস্য        |
| ২২     | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য-সচিব   |

**উপজেলা শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

- ১) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শুমারি/জরিপ কমিটি গঠন নিশ্চিত করা;
- ২) জোনাল অফিসার কর্তৃক স্থানীয় শিক্ষিত বেকারদের মধ্য হতে গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার বাছাইয়ে সহায়তা প্রদান করা;
- ৩) গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ৪) নিয়োগকৃত শুমারি/জরিপকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা তদারকী ও মনিটরিং করা;
- ৫) সংশ্লিষ্ট উপজেলার সর্বস্তরে ও সকল মাধ্যমে শুমারি/জরিপ এর বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।

  
(মোঃ আমিনুল বর চৌধুরী)  
যুগ্ম-সচিব (উন্নয়ন)  
☎ ৮১৮১৩০৯


নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪- ১৬১

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় /সমাজ কল্যাণ মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, ঢাকা (তাঁর অধীনস্থ সকল দপ্তরকে অবগত করার বিনীত অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল) ..... (তিনি গঠিত উপজেলা কমিটি অনুসারে সকলকে অবগত করবেন)।

  
খেনচান

সিনিয়র সহকারী সচিব

☎ ৮১৮১৪৪৩, এক্সঃ ২০৯৮

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। অফিস কপি।